দৈনিক ইত্তেফাক

তারিখ ... 02 DEC 1998 ...
পৃষ্ঠা 2 কলাম 4

# এবতেদায়ী মাদ্রাসা শিক্ষকদের ৭ দফা মানিয়া নেওয়ার আহ্বান

গতকাল জাতীয় প্রেসক্লাবের ভিআইপি লাউঞ্জে এক সাংবাদিক সম্মেলনে বাংলাদেশ এবতেদায়ী মাদ্রাসা শিক্ষক সমিতির নেতৃবৃন্দ তাহাদের ৭ দফা দাবী মানিয়া লইতে এবং 'মাওলানা শিক্ষকদের কোটি কোটি টাকা আত্মসাতের তদন্ত ও বিচার' দাবী করেন। ৭ দফা দাবী নামায় রহিয়াছে, সকল এবতেদায়ী মাদ্রাসাকে বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের মত বেতন ভাতা প্রদান, সকল এবতেদায়ী মাদ্রাসার ছাত্র-ছাত্রীদেরকে বিনামূল্যে পাঠ্যপুস্তক সরবরাহ, এবতেদায়ী মাদ্রাসার ছাত্র-ছাত্রীদের খাদ্যের বিনিময়ে শিক্ষা কর্মসূচীর আওতায় আনা প্রভৃতি।

সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন সমিতির আহ্বায়ক আলহাজ্ব মাওলানা কাজী জহিরুল ইসলাম, যুগ্ম-আহ্বায়ক মাওলানা কাজী আবু দাউদ, সদস্য সচিব মাওলানা আবদুল কবির খান প্রমুখ। -প্রেস বিজ্ঞপ্তি